গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা সমাজসেবা কার্যালয়**

ভালুকা, ময়মনসিংহ

www.dss.bhaluka.mymensingh.gov.bd

## <u>সচেতনতামূলক গণবিজ্ঞপ্তি</u>

এতদ্বারা ভালুকা উপজেলাধীন সকল বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী, ও অনগ্রসর ভাতাভোগী এবং অনগ্রসর শিক্ষার্থীদের উপবৃত্তি ও প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত উপকারভোগীদেরকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি এক ধরনের প্রতারক চক্র সমাজসেবা অফিসের নামে পরিচয় দিয়ে নগদের পিন নাম্বার/"OTP" নাম্বার হাতিয়ে নিয়ে ভাতাভোগীদের ভাতার টাকা আত্মসাৎ করে নিচ্ছে।

এমতাবস্থায় ভাতাভোগীররা যেন প্রতারিত না হন এই উদ্দেশ্যে জনস্বার্থে নিম্নে বিষয়গুলোর বিষয়ে সচেতন করা হলো।

১। কোন ভাতাভোগী তাদের নগদ পিন নাম্বার কাউকে বলবেন না। এমনকি অফিসের নামে কেউ ফোন করে জানতে চাইলেও পিন নাম্বার বলবেন না।

২। কোন প্রতারক চক্র ফোনে ম্যাসেজ বা এসএমএস দিয়ে ঐ বা এসএমএসের "OTP" নাম্বার জানতে চাইলে কখনই "OTP" নাম্বার বলবেন না।

৩। আপনার পিন নাম্বার সবসময় গোপন রাখবেন। এমন কি পরিবারের সদস্যদেরকেও বলবেন না বা দেখাবেন না।

৪। কোন প্রতারক চক্র ফোনে বা বাড়িতে গিয়ে সমাজসেবা অফিস থেকে অনেক টাকা অনুদান পেয়েছেন/ পাইয়ে দিবে বললেও ঐ প্রতারক চক্রকে কোন টাকা দিবেন না। উল্লেখ্য প্রতারক চক্রকে আটকে রেখে মেম্বর, চেয়ারম্যান অথবা উপজেলা সমাজসেবা অফিসার অথবা উপজেলা নির্বাহী অফিসারকে খবর দিবেন।

৫। উপজেলা সমাজসেবা অফিস থেকে কোন সেবা বা ভাতা পেতে কোন টাকা পয়সা লাগে না। এজন্য কোন দালাল বা প্রতারক চক্রকে কোন টাকা দিবেন না।

৬। আপনার ভাতা পেতে কোন সমস্যা হলে বা নিয়মিত ভাতার টাকা না পেলে বা কোনো সমস্যা হলে দ্রুত উপজেলা সমাজসেবা অফিস, ভালুকা, ময়মনসিংহে যোগাযোগ করবেন।



**রুবেল মন্ডল**
উপজেলা সমাজসেবা অফিসার
ভালুকা, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬-৭২৬৮৬
মোবাইল: ০১৭০৮-৪১৫০০০ (দাপ্তরিক)
ইমেইল: usso.bhaluka@dss.gov.bd